

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ‘ব্লু ইকোনমি: দ্যা নিউ ফ্রন্টিয়ার্স’ শীর্ষক সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ওশানোগ্রাফি বিভাগের আয়োজনে ‘Blue Economy: The new frontiers’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (১৩ নভেম্বর-২০২২) বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম। অনুষ্ঠানে আমন্ত্রিত মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন রিয়ার এডমিরাল (অব.) মো: খুরশেদ আলম, সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট), পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ।

নোবিপ্রবি ওশানোগ্রাফি বিভাগের চেয়ারম্যান নাজমুস সাকিব খানের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর।

নোবিপ্রবির মাননীয় উপাচার্য ও অনুষ্ঠানের প্রধান অতিথি প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম এ ধরনের ব্যতিক্রমধর্মী একটি সেমিনার আয়োজনের জন্য সংশ্লিষ্টদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

নোবিপ্রবিতে ব্লু ইকোনমির ওপর আয়োজিত এ সেমিনারে বাংলাদেশ সরকারের ঐতিহাসিক সমুদ্র বিজয়ের বিস্তারিত তথ্যাদি অত্যন্ত সাবলীলভাবে উপস্থাপন করেন সমুদ্র বিজয়ের অন্যতম কাভারি রিয়ার এডমিরাল (অব.) মো: খুরশেদ আলম। সেমিনারে আরও উপস্থিত ছিলেন, নোবিপ্রবির বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, নোবিপ্রবি শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, ওশানোগ্রাফি, ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স, পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং এবং প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যানবৃন্দ এবং আমন্ত্রিত শিক্ষার্থীবৃন্দ।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

